সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৪০৩ তারিখ: ১৮ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ০৩ নভেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর যৌথ উদ্যোগে বেলজিয়ামের ব্রাসেলসে 'Steignberger Icon Wiltcher's' হোটেলে 'The Rise of Bengal Tiger: Potentials of Trade & Investment among Bangladesh and the EU Countries' শীর্ষক একটি সামিট আয়োজন করা হয়। উল্লেখ্য যে, বৈশ্বিক বিনিয়োগকারীদের নিকট বাংলাদেশের পুঁজিবাজার এবং বাংলাদেশে বিনিয়োগের সুযোগ তুলে ধরার লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশে ধারাবাহিকভাবে 'বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট' এর আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় বেলজিয়ামের ব্রাসেলসে উক্ত সামিট আয়োজন করা হয়, যার প্রধান আলোচ্যসূচি ছিল ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও বিদেশী বিনিয়োগের জন্য বাংলাদেশকে একটি আকর্ষণীয়, সহজতর এবং লাভজনক দেশ হিসেবে বেলজিয়াম এবং ইউরোপীয় ইউনিয়নের দেশসমূহের বিনিয়োগকারী ও ব্যবসায়ীদের নিকট তুলে ধরা।

বেলজিয়ামের ব্রাসেলসে স্থানীয় সময় সকাল ১০:০০ টায় সামিট আয়োজনটি শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন বেলজিয়ামে বাংলাদেশের মাননীয় রাষ্ট্রদূত জনাব মাহবুব হাসান সালেহ। স্বাগত বক্তব্যের পর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের উপর অডিও-ভিজুয়াল প্রদর্শিত হয়।

অনুষ্ঠানে European Commission's Directorate-General for International Partnerships এর Middle East, Asia, and Pacific'র পরিচালক Mr. Peteris Ustubs বক্তব্য রাখেন।

বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উক্ত অনুষ্ঠানে '50 Years of Bangladesh: The Rise of Bengal Tiger' শীর্ষক উপস্থাপনা প্রদান করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাত ধরে স্বাধীনতা লাভ এবং তার দেখানো সোনার বাংলার স্বপ্নের অনুসরণে তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্বাধীনতার মাত্র পঞ্চাশ বছরের পেরিয়ে বাংলাদেশের উন্নয়নের রোল মডেলে পরিণত হওয়ার অভাবনীয় সাফল্যের কথা উল্লেখ করে বঙ্গবন্ধু কন্যার ভূয়সী প্রশংসা করেন তিনি। তিনি বাংলাদেশের সাথে বেলজিয়াম ও ইউরোপিয়ান ইউনিয়নের কূটনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক এবং পারস্পারিক

সহযোগিতার কথা তুলে ধরেন। বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশে রুপান্তরের জন্য ইউরোপিয়ান ইউনিয়নের সহযোগিতা প্রয়োজন এবং বাংলাদেশ সাহায্য(Aid) ও ঋণ(Loan) নয় বরং বাণিজ্য অংশীদারিত্ব(Trade partnership) ও বিনিয়োগ চায় বলে জানান তিনি। তিনি ভূরাজনৈতিকভাবে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ কৌশলগত গুরুত্বপূর্ণ ও সুবিধাজনক অবস্থানের কথা উল্লেখ করেন এবং বাংলাদেশের তারুণ্যে উজ্জীবিত মানবসম্পদের সুযোগ-সম্ভাবনার কথা উল্লেখ করেন। সাম্প্রতিক সময়ে বৈশ্বিক সামষ্টিক ও অর্থনৈতিক নানা সূচকে যেমনঃ জিডিপি প্রবৃদ্ধির উচ্চ হার, দারিদ্র্য হ্রাস, শিশুমৃত্যু হ্রাস, খাদ্য উৎপাদন বৃদ্ধি, কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি, বৃহৎ দেশীয় বাজার, ডেমোগ্রাফিক ডিভিডেন্ড, দক্ষ জনবল, রাজনৈতিক স্থিতিশীলতা প্রভৃতিতে বাংলাদেশের ক্রমবর্ধমান উন্নতির চিত্র তুলে ধরে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন এবং সম্ভাবনার নানা দিক নিয়ে আলোচনা করেন। তিনি প্রতিবেশি দেশগুলোর তুলনায় বাংলাদেশের পুঁজিবাজারের দৃঢ় ও সম্ভাবনাময় অবস্থানের চিত্র তুলে ধরেন এবং পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রধান উৎস করার জন্য ক্রমাগত উন্নয়নের নিমিত্ত বিএসইসি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ উল্লেখ করে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও তিনি বাংলাদেশে বিনিয়োগের সুবিধাজনক দিকসমূহ তুলে ধরে বিনিয়োগের জন্য বাংলাদেশকে বেছে নিয়ে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় অংশীদার হওয়ার আহ্বান জানান।

উক্ত সামিট আয়োজনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর ভিডিও বার্তা প্রদর্শিত হয়। ভিডিও বার্তায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিএসইসি ও বিডার যৌথ উদ্যোগে আয়োজিত সামিটে অংশগ্রহণ করা সকলকে ধন্যবাদ জানান। তিনি বেলজিয়াম এবং ইউরোপিয়ান ইউনিয়নের সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক ও সহযোগিতার কথা উল্লেখ করেন। তিনি সাম্প্রতিক সময়ে বাংলাদেশের অর্থনৈতিক ও অবকাঠামোগত উন্নয়নের বিভিন্ন দিক তুলে ধরেন। মাত্র ১৫ বছরের ব্যবধানে বাংলাদেশ ৭০ বিলিয়ন ডলারের অর্থনীতি থেকে ৪৬৫ বিলিয়ন ডলারের অর্থনীতিতে পরিণত হয়েছে এবং বাংলাদেশ ট্রিলিয়ন ডলারের অর্থনীতির উন্নত-স্মার্ট রাষ্ট্র হওয়ার পথে রয়েছে বলে জানান তিনি। দ্রুত শিল্পায়ন হতে থাকা বাংলাদেশের ট্রেডিং হাব বা বাণিজ্য কেন্দ্র হয়ে ওঠার জন্য ভালো সুযোগ-সম্ভাবনা রয়েছে বলে জানান তিনি। পাশাপাশি তিনি তৈরি পোশাক, চামড়াজাত পণ্য, ফার্মাসিউটিক্যালস, প্রযুক্তি, জ্বালানী ও কৃষিসহ বাংলাদেশের সম্ভাবনাপূর্ণ ও গুরুত্বপূর্ণ খাতগুলোতে ব্যবসায় সম্প্রসারণ ও বিনিয়োগের আহ্বান জানান এবং বেলজিয়াম ও ইউরোপীয় ইউনিয়নের দেশসমূহের বিনিয়োগকারীদের বাংলাদেশে গড়ে তোলা বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের প্রস্তাব দেন।

সামিট আয়োজনে 'Trade and Investment Opportunities in Bangladesh' শীর্ষক প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত প্যানেল আলোচনায় অংশগ্রহণ করেন বেলজিয়ামে বাংলাদেশের মাননীয় রাষ্ট্রদূত

জনাব মাহবুব হাসান সালেহ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব জনাব মোকাম্মেল হোসেন, 'সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)' এর ভাইস চেয়ারম্যান এ কে এম নুরুল ফজল বুলবুল, 'বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা)' এর নির্বাহী চেয়ারম্যান জনাব শেখ ইউসুফ হারুন। প্যানেল আলোচনায় আলোচকবৃন্দ বাংলাদেশের বিভিন্ন খাতে ব্যবসা ও বিনিয়োগের সুযোগ-সুবিধা ও সম্ভাবনাসমুহ তুলে ধরেন।

উক্ত অনুষ্ঠানে গেস্ট অব অনার হিসেবে বক্তব্য রাখেন ইউরোপীয়ান ইনভেস্টমেন্ট ব্যাংক (EIB) এর এশিয়া ও প্যাসিফিক ডিভিশনের প্রধান Mr. Edvardas Bumsteinas। এছাড়াও উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া এবং এসিআই লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও বাংলাদেশে বেলজিয়ামের Honorary Consul জনাব আরিফ দৌলা বক্তব্য রাখেন।

আয়োজিত সামিটে ৪ টি সেশন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সেশনসমূহ যথা: সেশন -১: Advancing with textile and leather products, সেশন -২: Agriculture and Agro-processing, সেশন -৩: Towards Smart Bangladesh, সেশন -৪: Accelerating investment and trade - এ বাংলাদেশের ব্যবসা-বাণিজ্য ও অর্থনীতির প্রসারের সুযোগ ও সম্ভাবনা এবং উন্নত বাংলাদেশ গড়ার নানা দিক নিয়ে আলোচনা হয়।

বেলজিয়ামের ব্রাসেলসে এই সফল সামিটটি আয়োজনের ফলশ্রুতিতে দেশের পুঁজিবাজারে বিদেশী ও প্রবাসী বিনিয়োগকারীদের অংশগ্রহণ বৃদ্ধি পাবে এবং বাংলাদেশে বিপুল পরিমাণ বৈদেশিক বিনিয়োগ আসবে বলে উপস্থিত বিশেষজ্ঞগণ আশাবাদ ব্যক্ত করেন।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd


THE RISE OF BENGAL TIGER:
POTENTIALS OF TRADE AND
BANGLADESH AND THE EU CO
03 November, 2023
Wiltcher's Steigenberger Brussels, Belgium


BENGAL TIGER:
S OF TRADE AND INVESTMENT AMONG
SH AND THE EU COUNTRIES
rger Brussels, Belgium


THE RISE OF BENGAL TIGER:
POTENTIALS OF TRADE AND INVESTMENT AMONG
BANGLADESH AND THE EU COUNTRIES
BANGLADESH
WILL BE
A DEVELOPED
NATION
BY 2041


Wiltcher's Steigenberger Brussels, B
THE RISE OF BENGAL TIGER:
POTENTIALS OF TRADE AND INV
BANGLADESH AND THE EU COUN
03 November, 2023
Wiltcher's Steigenberger Brussels, Belgium
THE RISE OF BENGAL TIGER
brussels


THE RISE OF BENGAL TIGER:
POTENTIALS OF TRADE AND INVESTMENT AMONG
BANGLADESH AND THE EU COUNTRIES
03 November, 2023
Wiltcher's Steigenberger Brussels, Belgium



